যুগান্তর

তারিখ 28 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাস্টার্স রিলিজ স্লিপে ভর্তির আবেদন ২৯ সেপ্টেম্বর শুরু

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমে তৃতীয় রিলিজ স্লিপের অনলাইন আবেদন ২৯ সেপ্টেম্বর বিকাল ৪টা থেকে শুরু হবে। চলবে ৪ অক্টোবর রাত ১২টা পর্যন্ত।

মঙ্গলবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়জুল করিম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

যেসব শিক্ষার্থী আবেদন করতে পারবে ক) ১ম ও ২য় মেধা তালিকায় ১ম ও ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান পায়নি অথবা স্থান পেয়েও ভর্তি হয়নি, খ) ভর্তি বাতিল করেছে, গ) ২য়/৩য় পর্যায়ে নতুন করে প্রাথমিক আবেদন করেছে এবং সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ওই প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করেছে— সেসব শিক্ষার্থী ৩য় রিলিজ স্লিপে আবেদন করতে পারবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions) অথবা (admissions.nu.edu.bd) থেকে পাওয়া যাবে।